

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১১৯-আইন/২০২১/০৮/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহ উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

TABLE

Heading (1)	H. S. Code (2)	Description (3)
39.26	3926.90.99	PVC Washer
48.21	4821.10.00	Sticker Paper (Printed)
	4821.90.90	Sticker paper (non printed)
84.67	8467.19.00	Pneumatic tools with self- contained electric or Non- Electric-Motor
	8467.19.00	Pneumatic tools with self- contained electric or non electric- motor
84.86	8486.90.00	Parts and accessories
85.12	8512.30.00	Horn
85.43	8543.70.10	Remote control for electronic and electrical apparatus
	8543.90.00	Remote Control parts/Mini Loaded circuit
85.44	8544.42.00	Battery Connector Cable
87.08	8708.40.00	Gear box
95.03	9503.00.90	Gear box

### শর্তাবলি:

- (ক) এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা শুধু সেইসব Industrial IRC Holder VAT Compliant উৎপাদনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা স্থানীয়ভাবে খেলনা উৎপাদন করিয়া থাকেন;

#### ব্যাখ্যাঃ

- (অ) “Industrial IRC holder” অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;
- (আ) “VAT compliant” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;
- (খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:
- তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;
- (গ) আমদানিকৃত উপকরণ শুধু খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহৃত হইবে মর্মে আমদানিকারক কর্তৃক ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;
- (ঘ) এতদসংশ্লিষ্ট পণ্য চালান ছাড় পরবর্তীতে কাস্টমস কর্তৃপক্ষ চালানে আমদানিকৃত পণ্যের তথ্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

- ২। সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ এই প্রজ্ঞাপনের অধীন আমদানিকৃত পণ্য যথাযথ উদ্দেশ্যে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা যাচাইপূর্বক পণ্যচালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন এর কমিশনার বরাবরে একটি প্রতিবেদন প্রেরণ করিবেন।
- ৩। দফা (২) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারক কর্তৃক খেলনা শিল্পে আংশিকভাবে ব্যবহৃত হইয়াছে বা ব্যবহৃত হয় নাই তাহা হইলে আমদানিকারকের নিকট হইতে প্রযোজ্য হারে শুল্ক, কর এবং জরিমানা (fine) আদায়যোগ্য হইবে।
- ৪। ৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৪৫-আইন/ ২০১৫/২৫/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।
- ৫। এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট**  
**[দফা ২ দ্রষ্টব্য]**  
**অঞ্জীকারনামা**

আমি ----- মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/  
ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----  
----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঞ্জীকার করিতেছি যে, আমার  
প্রতিষ্ঠান বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ..... )। আমি ঋণপত্র নং-----  
-----, তারিখঃ-----, ইনভয়েস নং----- তারিখঃ -----,  
বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----- তারিখঃ -----  
এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিব এবং  
উহার কোনো ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর  
পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীন শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে  
কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষরঃ .....  
তারিখঃ মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা  
পরিচালকের নামঃ .....  
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ..... ”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।